

## দেশে করোনায় মৃত্যু ৫ হাজার ছাড়াল

নিজস্ব প্রতিবেদক

ঢাকা

প্রকাশ: ২২ সেপ্টেম্বর ২০২০, ১৮:৫১



করোনাভাইরাসে দেশে মৃত্যু পাঁচ হাজার ছাড়াল। গত ২৪ ঘণ্টায় (আজ মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত)

দেশে করোনায় আরও ২৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট ৫ হাজার ৭ জনের মৃত্যু হলো। ২৪

ঘণ্টায় করোনায় সংক্রমিত হিসেবে শনাক্ত হয়েছেন ১ হাজার ৫৫৭ জন।

আজ মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় ১৪ হাজার ২৪৪টি নমুনা সংগ্রহ করা হয়।

পরীক্ষা করা হয় ১৪ হাজার ১৬৪ জনের নমুনা। পরীক্ষার সংখ্যা বিবেচনায় রোগী শনাক্তের হার ১০

দশমিক ৯৯।

টানা ১২ দিন পর গত তিনদিন ধরে পরীক্ষার বিবেচনায় রোগী শনাক্তের হার ১৩ শতাংশের ওপরে

দেখা গেছে। গত ২৪ ঘণ্টায় সেই হার কমল।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন দুই হাজার ৭৩ জন। সর্বশেষ ২৮ জনের সবাই হাসপাতালে চিকিৎসাধীন

অবস্থায় মারা যান।

গত ৮ মার্চ দেশে করোনাভাইরাসে প্রথম শনাক্তের খবর জানানো হয়। এর ১০ দিনের মাথায় ১৮ মার্চ করোনায় দেশে প্রথম মৃত্যুর তথ্য নিশ্চিত করে সরকার। এখন দেশে সংক্রমণের সপ্তম মাস চলছে।

শুরুর দিকে সংক্রমণ ধীর থাকলেও মে মাসের মাঝামাঝি থেকে পরিস্থিতি খারাপ হতে শুরু করে। জুনে তা তীব্র আকার নেয়।

জুলাইয়ের শুরু থেকে নতুন রোগী শনাক্তের সংখ্যা কমতে থাকে। এ সময় পরীক্ষাও কম হয়। অবশ্য গত আগস্ট থেকে নতুন রোগী শনাক্তের সংখ্যার পাশাপাশি পরীক্ষার তুলনায় সংক্রমণ শনাক্তের হারও কমতে দেখা গেছে।